

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
 স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রকল্প
 প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
 ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
www.seip-fd.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

নংএসইআইপি/ইওআই/৩৭/২০১৪-২০১৫/


তারিখ: ১৫/০১/২০১৭খ্রিষ্টাব্দ

স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) সরকারের একটি বিশেষায়িত প্রকল্প। প্রকল্পটি Asian Development Bank (ADB), Swiss Agency for Development and Cooperation (SDC) এবং বাংলাদেশ সরকারের যৌথ অর্থায়নে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় প্রকল্পের প্রধান কার্যালয়, ঢাকায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (১২ মাস মেয়াদে) নিম্নোক্ত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছেঃ

পদের বিবরণ	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	দায়িত্ব ও কর্তব্য
কোয়ালিটি এ্যাসুরেন্স অফিসার (Quality Assurance Officer)	৯ টি (সিভিল-১, মেকানিক্যাল-২, ইলেকট্রিক্যাল-২, কম্পিউটার সাইন্স-২, টেক্সটাইল-২)	<ul style="list-style-type: none"> ✓ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল/মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ কম্পিউটার সাইন্স/ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি; ✓ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ✓ প্রার্থীকে অবশ্যই কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে; এবং ✓ সংশ্লিষ্ট ক্ষেত্রে শিক্ষকতার অভিজ্ঞতা থাকলে তা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। 	<ul style="list-style-type: none"> ✓ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পর্কিত Standard ও Assessment Tool যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়ন; ✓ প্রশিক্ষণ কার্যক্রমে বিভিন্ন ট্রেডে নিয়োজিত প্রশিক্ষক এবং Assessor'দের সম্পৃক্ততা মূল্যায়ন; এবং ✓ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।
প্রজেক্ট অফিসার (Project Officer)	৪ টি	<ul style="list-style-type: none"> ✓ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি; ✓ প্রকল্প ব্যবস্থাপনায় কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ✓ প্রার্থীকে অবশ্যই বাংলা ও ইংরেজিতে দক্ষ হতে হবে; এবং ✓ প্রার্থীকে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। 	<ul style="list-style-type: none"> ✓ প্রকল্প ব্যবস্থাপনায় সাচিবিক, প্রশাসনিক ও লজিস্টিক সহায়তা প্রদান; ✓ প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সাথে যোগাযোগ; ✓ প্রকল্প ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত ডকুমেন্ট সংরক্ষণ; এবং ✓ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।
একাউন্টেন্ট (Accountant)	১ টি	<ul style="list-style-type: none"> ✓ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান/ বিবিএ-ইন-ফাইন্যান্স বিষয়ে স্নাতক ডিগ্রি; ✓ ইলেকট্রনিক পদ্ধতিতে হিসাবরক্ষণে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ✓ সরকারি প্রকল্প ব্যবস্থাপনায় অডিট সম্পর্কিত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে; ✓ প্রার্থীকে অবশ্যই বাংলা ও ইংরেজিতে দক্ষ হতে হবে; এবং ✓ প্রার্থীকে কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। 	<ul style="list-style-type: none"> ✓ প্রকল্পের হিসাব ব্যবস্থাপনা; ✓ হিসাব সম্পর্কিত তথ্য, উপাত্ত প্রণয়ন, সংরক্ষণ ও প্রতিবেদন প্রস্তুতকরণ; ✓ হিসাব সম্পর্কিত ডকুমেন্টসমূহ যথাযথভাবে সংরক্ষণ; ✓ প্রকল্পের ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট স্পেশালিস্টকে সহায়তা প্রদান; এবং ✓ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

আবেদনের শর্তাবলীঃ

১. আবেদনকারীকে পদের নাম, নিজের নাম (বাংলা ও ইংরেজিতে), পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, স্থায়ী ঠিকানা, বর্তমান ও পত্র যোগাযোগের ঠিকানা (মোবাইল/ টেলিফোন নম্বরসহ), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতা (যদি থাকে), অভিজ্ঞতার বিবরণ উল্লেখপূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবিসহ আবেদন করতে হবে।
২. প্রার্থীকে আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতার সনদের অনুলিপি যুক্ত করতে হবে। পদের সাথে সংশ্লিষ্ট আবশ্যিকীয় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
৩. সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা থাকলে শর্ত শিথিলযোগ্য।
৪. অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫. নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. আবেদনকারীকে জাতীয় প্রকল্প পরিচালক, স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি) প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (১৬ তলা), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে এবং বন্ধ খামের উপরে পদের নাম উল্লেখপূর্বক আবেদনপত্র সরাসরি বা ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ অফিস চলাকালীন (বিকাল ৫:০০ টা) সময়ের মধ্যে আবশ্যিকভাবে পৌঁছাতে হবে।
৭. যোগ্যতা অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক বেতন নির্ধারিত হবে।
৮. কর্তৃপক্ষ যে কোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


জালাল আহমেদ
জাতীয় প্রকল্প পরিচালক
SEIP প্রকল্প।